''মুজিববর্ষের আহবান
সেবায় মিলবে পরিত্রাণ''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা
www.dss.gov.bd

বিষয় : **বিভাগীয় কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক সভার কার্যবিবরণী।**

সভাপতি : সৈয়দ মোঃ নূরুল বাসির, পরিচালক (প্রশাসন ও অর্থ), সমাজসেবা অধিদপ্তর।

সভার স্থান : অনলাইন জুম প্ল্যাটফর্ম, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

https://us06web.zoom.us/j/87495337170?pwd=R0MrOU0vWkFlbjBWTHBqVXYwV0RGQT09

তারিখ ও সময় : ২৭ অক্টোবর ২০২২, সকাল ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা (পরিশিষ্ট 'ক')

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কৌশলসহ অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার), উদ্ভাবনী কার্যক্রমসমূহ বাস্তবায়নের বিষয়ে সকলকে তৎপর হওয়ার অনুরোধ জানিয়ে আলোচ্য বিষয়াদি উপস্থাপনের জন্য সাচিবিক দায়িত্ব পালনকারী শাখা গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ এর উপপরিচালককে আহবান জানান।

উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ) সভায় অবহিত করেন যে, ১ম নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী অক্টোবর/২২ এর মধ্যে ১ টি বিভাগীয় কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক সভা আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। তিনি আরো জানান, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক দপ্তর/সংস্থার শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন **ও মূল্যায়ন** নির্দেশিকা, **২০২২-২৩ অনুযায়ী** বিভাগীয় কার্যালয়সমূহ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ প্রণয়ন ও পরিবীক্ষণ প্রতিবেদন দাখিল করবেন। এক্ষেত্রে অধিদপ্তরের ওয়েবসাইটে প্রদেয় জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ সহায়ক হিসেবে গ্রহণ করা যেতে পারে। তিনি আট বিভাগ কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ ও পরিবীক্ষণ প্রতিবেদনের ধারাবাহিক উপস্থাপনা করেন। সভার আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়:

**আলোচ্যসূচি ১: বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক**

**আলোচনা:** সভায় **বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা** এর কর্মপরিকল্পনা বিস্তারিত আলোচনা হয়। উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ) সভাকে অবহিত করেন যে, **বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা অসম্পূর্ণ কর্মপরিকল্পনা প্রণয়ন করেছেন।** ৩ নং কার্যক্রমসমূহ সংশোধন ও কর্মসম্পাদন সূচক সুনির্দিষ্টকরণ, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর ৫টি অংশ জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার,

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার), উদ্ভাবনী কার্যক্রমসমূহ বাস্তবায়ন ও ওয়েবসাইটে পৃথক সেবাবক্স আপলোড করার বিষয়ে আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** যথাযথভাবে কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক বিভাগীয় পোর্টালে আপলোড/হালনাগাদকরণ ও কোয়ার্টারলি প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করতে হবে।

**বাস্তবায়ন:** বিভাগীয় পরিচালক, ঢাকা।

---

**আলোচ্যসূচি ২: বিভাগীয় সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক**

**আলোচনা:** উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ) সভাকে অবহিত করেন যে, বিভাগীয় কার্যালয়, খুলনা এর দপ্তর/সংস্থার শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী **কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয় নি। সঠিক ছকে কর্মপরিকল্পনা প্রণয়ন করে ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।**

**সিদ্ধান্ত**: **দপ্তর/সংস্থার** শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন **ও মূল্যায়ন** নির্দেশিকা, **২০২২-২৩ অনুযায়ী** কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক বাস্তবায়ন ও কর্মপরিকল্পনা ওয়েবসাইটে আপলোড এবং অন্যান্য সেবাবক্স হালনাগাদ করতে হবে।

**বাস্তবায়ন:** বিভাগীয় পরিচালক, চট্টগ্রাম।

---

**আলোচ্যসূচি ৩: বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক**

**আলোচনা:** উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ) সভাকে অবহিত করেন যে, **বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী সঠিক ছকে কর্মপরিকল্পনা প্রণয়ন করেছেন। তবে** শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন **ও মূল্যায়ন** নির্দেশিকা, **২০২২-২৩ অনুযায়ী**

- ৬ নং কলামের লক্ষ্যমাত্রা নির্ধারণ সঠিকভাবে হয়নি।
- ৩ নং কার্যক্রম (শুদ্ধাচার-সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম) অংশে ৩.২, ৩.৩, ৩.৪ এর কার্যক্রমসমূহ বিগত অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) তে থাকায় পরিবর্তন করে শুদ্ধাচার-সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়।
- বিভাগীয় পোর্টালে জাতীয় শুদ্ধাচার কৌশলসহ সকল সেবাবক্স আপলোড/হালনাগাদকরণে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত:** যথাযথভাবে কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক বিভাগীয় পোর্টালে আপলোড/হালনাগাদকরণ ও কোয়ার্টারলি প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করতে হবে।

**বাস্তবায়ন:** বিভাগীয় পরিচালক, রাজশাহী।

---

**আলোচ্যসূচি ৪: বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক**

**আলোচনা:** উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ) সভাকে অবহিত করেন যে, বিভাগীয় কার্যালয়, খুলনা এর দপ্তর/সংস্থার শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী **কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয় নি। সঠিক ছকে কর্মপরিকল্পনা প্রণয়ন করে ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।**

**সিদ্ধান্ত: দপ্তর/সংস্থার** শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন **ও মূল্যায়ন** নির্দেশিকা, **২০২২-২৩ অনুযায়ী** কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক বাস্তবায়ন ও কর্মপরিকল্পনা ওয়েবসাইটে আপলোড এবং অন্যান্য সেবাবক্স হালনাগাদ করতে হবে।

**বাস্তবায়ন:** বিভাগীয় পরিচালক, খুলনা।

---

**আলোচ্যসূচি ৫: বিভাগীয় সমাজসেবা কার্যালয়, বরিশাল কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক**

**আলোচনা:** উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ) সভাকে অবহিত করেন যে, দপ্তর/সংস্থার শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী **কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয় নি। সঠিক ছকে কর্মপরিকল্পনা প্রণয়ন করে ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।**

**সিদ্ধান্ত: দপ্তর/সংস্থার** শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন **ও মূল্যায়ন** নির্দেশিকা, **২০২২-২৩ অনুযায়ী** কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক বাস্তবায়ন ও কর্মপরিকল্পনা ওয়েবসাইটে আপলোড এবং অন্যান্য সেবাবক্স হালনাগাদ করতে হবে।

**বাস্তবায়ন:** বিভাগীয় পরিচালক, বরিশাল।

---

**আলোচ্যসূচি ৬: বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক**

**আলোচনা:** উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ) সভাকে অবহিত করেন যে, **বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট সঠিক ছকে কর্মপরিকল্পনা প্রণয়ন করেছেন। তবে** শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন **ও মূল্যায়ন** নির্দেশিকা, **২০২২-২৩ অনুযায়ী**

- **১নং ও ২ নং কার্যক্রমসমূহের ৫নং ও ৬নং কলাম পূরন করা হয় নি।**
- ৩ নং কার্যক্রম (শুদ্ধাচার-সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম) অংশে ৩.২, ৩.৩, ৩.৪ এর কার্যক্রমসমূহ সুনির্দিষ্ট করা ও অন্যান্য কলাম সম্পূর্ন করাসহ বিভাগীয় পোর্টালে জাতীয় শুদ্ধাচার কৌশলসহ সকল সেবাবক্স আপলোড/হালনাগাদকরণে সভায় আলোচনা হয়।

**সিদ্ধান্ত: ১নং ও ২ নং কার্যক্রমসমূহের ৫নং ও ৬নং কলাম পূরন,** ৩.২, ৩.৩, ৩.৪ এর কার্যক্রমসমূহ সুনির্দিষ্ট, ও অন্যান্য কলাম সম্পূর্ন করাসহ বিভাগীয় পোর্টালে সকল সেবাবক্স আপলোড/হালনাগাদকরণ **করতে হবে।**

**বাস্তবায়ন:** বিভাগীয় পরিচালক, সিলেট।

---

**আলোচ্যসূচি ৭: বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক**

**আলোচনা: পরিচালক, বিভাগীয় কার্যালয়, রংপুর জানান যে, আঞ্চলিক/মাঠ পর্যায়ের** শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন **ও মূল্যায়ন** নির্দেশিকা, **২০২২-২৩ অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়ন** করা হয়েছে। উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ) সভাকে অবহিত করেন যে, **দপ্তর/সংস্থার** শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন **ও মূল্যায়ন** নির্দেশিকা, **২০২২-২৩ অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়নে** সমাজকল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনা অনুযায়ী **বিভাগীয় কার্যালয়, রংপুর এর কর্মপরিকল্পনা সঠিক ছকে প্রণয়ন করা হয় নি।** এছাড়া ৩ নং কার্যক্রম (শুদ্ধাচার-সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম) অংশে ৩.২, ৩.৩, ৩.৪ এর কার্যক্রমসমূহ সংশোধন ও কর্মসম্পাদন সূচক সুনির্দিষ্ট করা, মন্তব্য কলামে কর্মপন্থা সংযুক্ত করা ও বিভাগীয় পোর্টালে জাতীয় শুদ্ধাচার কৌশলসহ সকল সেবাবক্স আপলোড/হালনাগাদকরণে সভায় আলোচনা হয়।

**সিদ্ধান্ত: বিভাগীয় কার্যালয়, রংপুর এর কর্মপরিকল্পনা সঠিক ছকে প্রণয়ন** করতে হবে। ৩ নং কার্যক্রম (শুদ্ধাচার-সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম) অংশে ৩.২, ৩.৩, ৩.৪ এর কার্যক্রমসমূহ সংশোধন ও কর্মসম্পাদন সূচক সুনির্দিষ্ট করতে হবে। বিভাগীয় পোর্টালে জাতীয় শুদ্ধাচার কৌশলসহ সকল সেবাবক্স আপলোড/হালনাগাদ করতে হবে।

**বাস্তবায়ন:** বিভাগীয় পরিচালক, রংপুর।

---

**আলোচ্যসূচি ৮: বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক।**

**আলোচনা:** উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ) সভাকে অবহিত করেন যে, **বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ সঠিক ছকে কর্মপরিকল্পনা প্রণয়ন করেননি। সঠিক ছকে কর্মপরিকল্পনা প্রণয়ন করে ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।**

**সিদ্ধান্ত: দপ্তর/সংস্থার** শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন **ও মূল্যায়ন** নির্দেশিকা, **২০২২-২৩ অনুযায়ী** কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক বাস্তবায়ন ও কর্মপরিকল্পনা ওয়েবসাইটে আপলোড এবং অন্যান্য সেবাবক্স হালনাগাদ করতে হবে।

**বাস্তবায়ন:** বিভাগীয় পরিচালক, ময়মনসিংহ।

সভাপতি, আগামী ৩ কর্মদিবসের মধ্যে সকল বিভাগীয় কার্যালয়কে সঠিক ছকে **দপ্তর/সংস্থার** শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন **ও মূল্যায়ন** নির্দেশিকা, **২০২২-২৩ অনুযায়ী** কর্মপরিকল্পনা প্রণয়ন ও ওয়েবসাইটে আপলোড এবং অন্যান্য সেবাবক্স হালনাগাদকরণে গুরুত্বারোপ করেন।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


সৈয়দ মোঃ নূরুল বাসির
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন: +৮৮০২-৫৫০০৭০২২
ই-মেইল: director-admin@dss.gov.bd


নম্বর: ৪১.০১.০০০০.০২০.২৩.০০৩.২২.৮০৮ তারিখ: ৩১ অক্টোবর ২০২২

০১। পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০২। অতিরিক্ত পরিচালক ..............................সমাজসেবা অধিদপ্তর।
০৩। উপপরিচালক (প্রশাসন ও অর্থ/ গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৪। সহকারী পরিচালক ........................ সমাজসেবা অধিদপ্তর।
০৫। জনাব মোহাম্মদ আছাদুজ্জামান, সমাজসেবা অফিসার (আর.ও ৩) ও এপিএ সমন্বয়কারী, সমাজসেবা অধিদপ্তর।
০৬। জনাব.......................................................

সদয় জ্ঞাতার্থে:

০১। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর।


রকিব আহমেদ
উপপরিচালক
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
ফোন: ৪৮১১৮৫৬৫
ই-মেইল: dd.pub@dss.gov.bd